



ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়  
মাদরাসা পরিদর্শন দফতর  
www.iau.edu.bd



বাড়ি নং-১২৪/২২ ব্লক-এ, সড়ক নং-০৩, ওয়েস্ট ধানমন্ডি, বহিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/বরি-১২৪/২০২০/১১১৮৪

তারিখ: ০৮ মাঘ, ১৪২৯ বঙ্গাব্দ  
২২ জানুয়ারি, ২০২৩ খ্রিস্টাব্দ

### অফিস আদেশ

মজমের হাট ফাজিল মাদরাসা, ডাকঘর: তালুকদার বাড়ী, উপজেলা: বোরহানউদ্দিন, জেলা : ভোলা-এর ফাজিল (স্নাতক) বি.এ/বি.এস.এস স্তর অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষের আবেদন ও বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি নবায়ন সংক্রান্ত বিধি অনুযায়ী গঠিত ০১ (এক) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটির দাখিলকৃত প্রতিবেদনের প্রেক্ষিতে উপাচার্য মহোদয়ের অনুমোদনক্রমে মাদরাসাটির ফাজিল (স্নাতক) বি.এ/বি.এস.এস স্তর নিম্নবর্ণিত শর্তে ২৭.০৪.২০২১ খ্রি: তারিখ থেকে ২৬.০৪.২০২৫ খ্রি: তারিখ পর্যন্ত ০৪ (চার) বছরের জন্য অধিভুক্তি নবায়ন করা হলো।

### শর্তসমূহ :

- সকল শূন্যপদ অনতিবিলম্বে নিয়োগ দিয়ে প্রতিষ্ঠানের শিক্ষা কার্যক্রমকে আরো গতিশীল করতে হবে।
- ছুটি রেজিস্ট্রারসহ সকল রেজিস্ট্রার মান সম্মত করে সকল বিষয় যথাযথভাবে সংরক্ষণ করতে হবে।
- শিক্ষার্থীদের প্রকৃত আশ্রয় ও আদর্শ মানুষ হিসেবে গড়ার লক্ষ্যে মূল বইয়ের ব্যবহার এবং পাঠদান আকর্ষণীয় করতে শিক্ষকদের আরো সক্রিয় উদ্যোগ নিতে হবে।
- সকল আয়-ব্যয় যথাসময়ে লিপিবদ্ধকরণ, কমিটি কর্তৃক নিয়মিত ক্যাশবই হালনাগাদ ও ভাউচার সংরক্ষণ করতে হবে।
- “হৃদয়ে বঙ্গবন্ধু” তথা “বঙ্গবন্ধু কর্নার” কে আরো সমৃদ্ধ করে বঙ্গবন্ধুর আদর্শ ও দেশপ্রেম সম্পর্কে শিক্ষার্থীদের অবহিত করতে হবে।
- ফাজিলসহ সকল শ্রেণিতে শিক্ষার্থীর সংখ্যা বৃদ্ধি ও উপস্থিতি নিশ্চিত করতে হবে এবং শিক্ষকদের সচেতন ও দায়িত্বশীল হতে হবে।
- ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট নিয়মিত ভিজিট করতে হবে এবং ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় সহ সংশ্লিষ্ট দফতরের নোটিশগুলো মাদরাসা নোটিশ বোর্ডে প্রদর্শন করতে হবে।
- লাইব্রেরিকে মান সম্মত এবং বইয়ের সংখ্যা বৃদ্ধিসহ নাম লিপিবদ্ধকরণ, ডেসপাস রেজিস্ট্রার খোলা এবং বই পড়ায় শিক্ষক-শিক্ষার্থীদের উৎসাহী করতে হবে।
- সরকারি সকল নির্দেশনা মোতাবেক শিক্ষক ও কর্মচারীর মাদরাসায় অবস্থান ও শিক্ষা কার্যক্রম পরিচালনা করতে হবে।
- অধিভুক্তি চলমান রাখতে সর্বশেষ জনবল কাঠামো অনুযায়ী কাজিখিত শিক্ষার্থী ভর্তি, পরীক্ষায় অংশগ্রহণ সম্ভোষণক ফলাফল এবং আর্থিক সচ্ছতার বিষয়টি নিশ্চিত করতে হবে।
- অধিভুক্তি নবায়নের মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে নবায়নের জন্য আবেদন করতে হবে।

উপাচার্য মহোদয়ের নির্দেশক্রমে

*Amir* 22.01.23

(ড. জাভেদ আহমাদ)

সহকারী পরিদর্শক (অতিরিক্ত দায়িত্ব)  
মাদরাসা পরিদর্শন দফতর

অধ্যক্ষ,

মজমের হাট ফাজিল মাদরাসা

ডাকঘর: তালুকদার বাড়ী, উপজেলা: বোরহানউদ্দিন, জেলা : ভোলা।

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/বরি-১২৪/২০২০/১১১৮৪

তারিখ: ০৮ মাঘ, ১৪২৯ বঙ্গাব্দ  
২২ জানুয়ারি, ২০২৩ খ্রিস্টাব্দ

### অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :

- মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা-১০০০।
- চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১।
- রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (একাডেমিক কাউন্সিল সভায় রিপোর্ট করার জন্য)।
- পি.এস টু ভিসি (দায়িত্বপ্রাপ্ত), উপাচার্য দফতর (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- সভাপতি, মজমের হাট ফাজিল মাদরাসা, ডাকঘর: তালুকদার বাড়ী, উপজেলা: বোরহানউদ্দিন, জেলা : ভোলা।
- অফিস নথি।
- স্মারক।

*Amir* 22.01.23

(শিরিনা আক্তার)

সেকশন অফিসার

মোবাইল: ০১৬৪২-১০০০১৫